ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১
DHAKA PALLI BIDYUT SAMITY-1
ISO 9001:2015 Certified

সদর দপ্তর
পলাশবাড়ী, সাভার, ঢাকা।
টেলিফোন: ০২-৯৯৬৬৮৮৬৫০
E-Mail:dhakapbs01@gmail.com

স্মারক নং-২৭.১২.২৬৭২.৫০১.০২.০০৮.২৩. ২৮৩৪ তারিখঃ ০৬-০৮-২০২৩ খ্রিঃ।

"নিয়োগ বিজ্ঞপ্তি"

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ **"কাজ নাই মজুরী নাই"** ভিত্তিতে নিম্নোক্ত শর্তানুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে **"বিলিং সহকারী"** পদে নিয়োগের প্যানেল তৈরীর নিমিত্তে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা মহিলা নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ছকে পদ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করা হলো।

ক্রঃ নং	পদের নাম	শূন্য পদের সংখ্যা	বয়সসীমা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মজুরী	যে এলাকার প্রার্থীরা আবেদন করতে পারবেন
০১	বিলিং সহকারী "কাজ নাই মজুরী নাই" (মহিলাদের জন্য সংরক্ষিত)।	১৭ (সতেরো) টি পদ। (নিয়োগ প্রদানকালীন এ সংখ্যা কম/বেশী হতে পারে)।	০৬-০৮-২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর।	ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস হতে হবে। খ) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে। গ) প্রার্থীর গাণিতিক বিষয়ে ভাল জ্ঞানসহ কম্পিউটার এবং দাপ্তরিক যন্ত্রপাতি পরিচালনায় অভিজ্ঞতা আবশ্যক। ঘ) প্রার্থীকে কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০টি ও ইংরেজিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।	দৈনিক ৮০০.০০ (আটশত) টাকা।	ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী ঢাকা জেলার সাভার উপজেলার ধামসোনা, পাথালিয়া, শিমুলিয়া, ইয়ারপুর, আশুলিয়া ও বিরুলিয়া ইউনিয়ন এবং গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলীঃ

০১। আবেদনকারীগণকে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট (**www.pbs1.dhaka.gov.bd**) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ৩০-০৮-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালে সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, পলাশবাড়ী, সাভার, ঢাকা এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মধ্যেমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ব্যতীত অন্য কোন ফরমে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরমটি আবেদনকারীকে স্বহস্তে পূরণ করতে হবে, সাদা কাগজে কম্পোজকৃত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৩। অসম্পূর্ণ আবেদনপত্র, নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদানকৃত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে আবেনদপত্র বাছাই প্রক্রিয়ায় অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেনদপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৪। **প্রয়োজনীয় কাগজপত্রাদিঃ**

(ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদের কপি। [মার্কশিট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়]।

(খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি জমা প্রদান করতে হবে।

(গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ সংযুক্ত করতে হবে।

(ঘ) প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

(ঙ) ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

[বিঃ দ্রঃ সকল সনদপত্রের সত্যায়িত কপি (নাম ও পদবীর সীলসহ ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি সনদ বিবেচিত হবে।

০৬। অত্র পবিসের কর্মচারীগণের, পবিসের কর্মচারীগণের স্বামী/স্ত্রীর, সমিতি বোর্ডের এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণের প্রথম মাত্রার রক্ত (First Blood) সম্পর্কীয় আত্মীয় অত্র পবিসে নিয়োগের জন্য বিবেচিত হবেন না।

০৭। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে আপনার কোন দাবী গ্রহনযোগ্য হবে না। ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর যতদিন প্রয়োজন ততদিন ''কাজ নাই মজুরী নাই'' ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।

০৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৯। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পূরনকৃত ফরমের প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১০। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী চূড়ান্ত/বাছাই করা হবে।

১১। চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে অনুমতিপত্র বাতিলপূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

১২। প্রার্থী চূড়ান্তভাবে নির্বাচিত হলে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর যে কোন জোনাল/সাব-জোনাল অফিস এ চাকুরী করতে বাধ্য থাকবেন।

১৩। আবেদনকারীকে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবর খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক নির্ধারিত ছকের (ক্রমিক নং-০১) আবেদনপত্র স্বহস্তে পূরণ করে চাহিত কাগজপত্রাদি সহ প্রেরণ করতে হবে।

(মোঃ শাহজাহান কবীর)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট-এ বহুল প্রচারের অনুরোধ সহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা ।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ঢাকা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার------------পবিস-১/২/৩/৪।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। নির্বাহী প্রকৌশলী (ঢাকা উত্তর), বাপবিবো, ঢাকা ।
০৭। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালিয়াকৈর উপজেলা, কালিয়াকৈর, গাজীপুর।
০৯। ডিজিএম (সদর দপ্তর-কারিগরী)/শ্রীপুর/জামগড়া/আশুলিয়া/চন্দ্রা/কালিয়াকৈর/মৌচাক জোনাল অফিস, ঢাকা পবিস-১।
১০। এজিএম (প্রশাসন/সদস্য সেবা/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/ইএন্ডসি/), সদর দপ্তর, ঢাকা পবিস-১।
১১। এজিএম (ওএন্ডএম), জিরানী/ইয়ারপুর/বিশমাইল/ফুলবাড়ীয়া সাব-জোনাল অফিস, ঢাকা পবিস-১।
১২। এজিএম (আইটি), ঢাকা পবিস-১ **(অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।**
১৩। নোটিশ বোর্ড, ঢাকা পবিস-১।
১৪। অফিস কপি/মাষ্টার ফাইল।

(মোঃ শাহজাহান কবীর)
সিনিয়র জেনারেল ম্যানেজার

ISO 9001:2015 Certified

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ''বিলিং সহকারী (কাজ নাই মজুরি নাই)''
পদে প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম
(সংশ্লিষ্ট স্থান স্বহস্তে পূরণ করতে হবে)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার
ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- -------------------------
২. আবেদনকৃত পদের নাম(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে) ---
৩. পদের ধরণঃ ----------

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ---------------------------------
৫. প্রকাশনার তারিখ ---

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) ---------------------------- (বড় হাতের অক্ষর ইংরেজীতে) ---------------------------
৭. জন্ম তারিখ --
(------------ পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)।
--------/------/--------(দিন/মাস/বছর)।

৮. মাতার নাম -----------------------------------
৯. বয়স (০৬-০৮-২০২৩ খ্রিঃ তারিখে) --------------------------------------

১০. পিতার নাম -----------------------------------
১১. ধর্ম --------------------------------------

১২. জাতীয়তা ----------------------------------
১৩. নিজ জেলা --------------------------------------

১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর ---------------------------------

১৫. বৈবাহিক অবস্থাঃ (টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর টিক (√) চিহ্ন দিন)-

মহিলা	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা

এতিম ও শারিরীক প্রতিবন্ধী	উপজাতি	আনসার ও গ্রাম প্রতিরক্ষা	অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী --------------------
খ. ডাকঘর ------------------
গ. উপজেলা/থানা ---------------------
ঘ. জেলা --------------------

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী --------------------
খ. ডাকঘর ------------------
গ. উপজেলা/থানা ---------------------
ঘ. জেলা --------------------

১৯. পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/পোস্টাল অর্ডার নং- .... ২০। পোস্টাল অর্ডারের মূল্য .... ২১। ইস্যুর তারিখ ....

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

উত্তীর্ণ পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	সিজিপিএ/বিভাগ/শ্রেণী		সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর
		সিজিপিএ স্কেল	প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড	

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

প্রতিষ্ঠানের নাম	যোগদানের তারিখ	চাকুরী পরিত্যাগের তারিখ	চাকুরী পরিত্যাগের কারণ	চাকুরীকাল (বছর)

২৪. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দুজন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

নাম,পদবী/পেশা,ঠিকানা, টেলিফোন/মুঠোফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)
১।
২।

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবো/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো/পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব।

------------------------ ------------------------------------
তারিখ আবেদনকারীর স্বাক্ষর

ISO 9001:2015 Certified

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১
পলাশবাড়ী, সাভার, ঢাকা।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

লিখিত (এমসিকিউ)/লিখিত (রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরনীয়)

প্রার্থীর রোল নম্বর : ....

পরীক্ষার তারিখঃ : ....

পরীক্ষার সময় : ....

পরীক্ষা কেন্দ্রের নাম : ....

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা : ....

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর...

(প্রার্থী /আবেদনকারী কর্তৃক পূরনীয়)

পদের নাম : ....

প্রার্থীর নাম : ....

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ....

....

....

....

....

প্রার্থী/ আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

০১. পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

০২. নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫(পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০:০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩. উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪. পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন এবং ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫. চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬. পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লেখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষ পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/ পবিস কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

--------------------------o----------------------------